

কবিরহাট সরকারি কলেজ, নোয়াখালী

ডাকঘর+উপজেলাঃ কবিরহাট, জেলাঃ নোয়াখালী

নোটিশ

২০২৩-২৪ সেশনে ডিগ্রি (স্নাতক পাস) ভর্তির প্রাথমিক আবেদন যেসকল শিক্ষার্থীরা

২০২৩-২৪ সেশনে ডিগ্রি (স্নাতক পাস) ভর্তির প্রাথমিক আবেদন যেসকল শিক্ষার্থীরা করেছিলেন কিন্তু কলেজে প্রাথমিক আবেদন ফি জমা দেননি বা জমা দিলেও কলেজ কর্তৃপক্ষ আপনার আবেদন রিসিভ করেনি যার কারণে আপনি ভর্তি প্রক্রিয়ায় যুক্ত হননি, তাদের পুনরায় সুযোগ দিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়। কলেজে যোগাযোগ করে পুনরায় প্রাথমিক আবেদন ফি দিবেন, যারা আগে দেননি। আর যারা আবেদন ফি দেওয়ার পরেও কলেজ এপ্রভ করি নি, তারা শুধু কলেজে যোগাযোগ করুন। ২য় দফায় প্রাথমিক আবেদন নিশ্চায়ন চলবে আগামী ১৯/১২/২০২৪ থেকে ২৪/১২/২০২৪ তারিখ পর্যন্ত। এবং অবশ্যই কলেজ নিশ্চায়নের পরেও পুনরায় রিলিজ স্লিপে আবেদন করতে হবে। মাসের শেষ দিকে বা জানুয়ারির শুরুতেই ১ম রিলিজ স্লিপ দিবে ইনশাআল্লাহ। যারা পূর্বে আবেদন করেও চান্স হয় নি, চান্স পেয়েও ভর্তি হননি বা ভর্তি হলেও বাতিল করেছেন এবং ২য় দফায় নিশ্চায়ন হওয়া সকল শিক্ষার্থীদের ১ম রিলিজ স্লিপে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে পছন্দ অনুযায়ী পাঁচটি কলেজ সিলেক্ট করে আবেদন করতে হবে। রিলিজ স্লিপের কপি কলেজে জমা দিতে হবে না বা মোবাইলে মেসেজ আসবে না। শুধু কপি ডাউনলোড করে রাখবেন। সেখানেও চান্স না পেলে ২য় রিলিজ স্লিপে আবেদনের সুযোগ পাবেন।



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

Degpass (Pass) Admission 2022-2023

স্মারক নং-১০(২২৫)জাতীঃবিঃ/রেজিঃ/একাঃ/২০১৮/অংশ-২/৬০৫১

তারিখঃ ১৭/১২/২০২৪

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

সংশ্লিষ্ট সকলের আবেদনের জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে যে সকল কলেজ আবেদনকারী প্রার্থীদের প্রাথমিক আবেদন নির্ধারিত সময়ে নিশ্চয়ন করতে পারেনি, সে সকল কলেজকে ১৯ ডিসেম্বর বিকাল ৪টা থেকে ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত প্রাথমিক আবেদন নিশ্চয়ন করতে বলা হলো। উল্লেখ্য যে, এ ধরনের প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত প্রার্থীদের মেধা তালিকায় স্থান পেতে তাদের অবশ্যই পরবর্তীতে রিলেজ স্লিপে আবেদন করতে হবে।

কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়ন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১)	কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করার তারিখ:	১৯/১২/২০২৪ থেকে ২৪/১২/২০২৪
২)	কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়নকৃত আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফর্ম জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [আবেদনকারী প্রতি ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে] সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফন্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Degree Pass) অপশন থেকে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ যে কোন সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০১/০১/২০২৫ থেকে ০৭/০১/২০২৫

(ড. মো. আশেক কবির চৌধুরী)

ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন: ০২-৯৯৬৬৯১৫৬৮

তারিখ: ১২/২০২৪

স্মারক নং-১০(২২৫)জাতীঃবিঃ/রেজিঃ/একাঃ/২০১৮/অংশ-২/
অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস-চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো ভাইস-চ্যান্সেলর দফতর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। সহকারী রেজিস্ট্রার, প্রো ভাইস-চ্যান্সেলর দফতর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৯। অফিস কপি

(মো. আবুল কাসেম)

উপ-রেজিস্ট্রার (সার্বিক)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ইমেইল: degpassnu@gmail.com